

বিগত সরকার শিক্ষকদের ৭ হাজার কোটি টাকা আত্মসাৎ করেছে : শিক্ষামন্ত্রী

আঞ্চলিক প্রতিনিধি, নারায়ণগঞ্জ

প্রকাশ: ১৩ জুন, ২০২৬ ২০:০৩



বিগত সরকার শিক্ষকদের উৎসব ভাতা ও কল্যাণ ভাতা থেকে সাত হাজার কোটি টাকা আত্মসাৎ করেছে বলে মন্তব্য করেছেন শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন।

শনিবার (১৩ জুন) নারায়ণগঞ্জের সোনারগাঁওয়ে
পঞ্চমীঘাট উচ্চ বিদ্যালয়ের চারতলা ভবন উদ্বোধন শেষে
এক অনুষ্ঠানে তিনি এ কথা বলেন।

শিক্ষামন্ত্রী বলেন, ‘এসএসসি পরীক্ষা কিছুটা এগিয়ে আনা
হয়েছে, এর কারণ হলো সিলেবাস শেষ হওয়ার সঙ্গে
সঙ্গে যেন পরীক্ষা শুরু হয়। যেন কোনো সেশনজট না
থাকে। বিশ্ববিদ্যালয়ের সঙ্গে সমন্বয় করে সেখানে তাদের
দাঁড় করানো হবে। ১৮ বছরের মধ্যে যেন সবাই উচ্চ
মাধ্যমিক সম্পন্ন করতে পারে।

তিনি আরো বলেন, ‘২০২৭ সালে বইগুলো আমরা পরিমার্জন করে দিচ্ছি। ২০২৮ সালে আমরা কারিকুলামে অনেক পরিবর্তন আনব। এই পরিবর্তনগুলো হবে বিশ্বায়নের যুগে যে শিক্ষাব্যবস্থা হচ্ছে, আমরা সেই শিক্ষাব্যবস্থা প্রবর্তন করব।’

আগামী জুলাইয়ের পর থেকে সমগ্র বাংলাদেশে মিড ডে মিল চালু করা হবে জানিয়ে এহছানুল হক মিলন বলেন, ‘আমরা আনন্দময় শিক্ষাব্যবস্থা চালু করতে চাচ্ছি।

শিক্ষা মানে জিপিএ ৫, আর সারা দিন বই পড়া নয়।’

মন্ত্রী শিক্ষার্থীদের উদ্দেশে করে বলেন, ‘তোমাদের শিক্ষাব্যবস্থা হতে হবে আনন্দময়। আমরা তোমাদের জন্য খেলাধুলা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের ব্যবস্থা করেছি। সোনারগাঁওয়ে একটি কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠান স্থাপনের

কাজ চলছে। আগামীতে শিক্ষার বাজেট জিডিপিরত ৫ শতাংশে উন্নীত করা হবে।